



মধুখালীতে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে শিক্ষক গ্রেফতার

মধুখালী থেকে নিজস্ব সংবাদদাতা :
শনিবার মধুখালীতে আন্তঃজেলা বার্ষিক
পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার গুরুতর
অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে পুলিশ
প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত থাকার
অভিযোগে এক স্কুলশিক্ষককে গ্রেফতার
করে কোর্টে প্রেরণ করেছে। ধৃত ওই
শিক্ষকের নাম দেলোয়ার হোসেন।

জানা গেছে, মধুখালী উপজেলার

শিক্ষক : পৃঃ ২ কঃ ২

শিক্ষক : গ্রেফতার

(১২-এর পৃষ্ঠার পর)

আন্তঃস্কুল বার্ষিক পরীক্ষার নবম শ্রেণীর
বাংলা, ইংরেজি, অংক, বিজ্ঞান এবং অষ্টম
শ্রেণীর গণিত, ইংরেজি, বিজ্ঞান, ইসলামী
শিক্ষাসহ কতিপয় বিষয়ের প্রশ্নপত্র
কুমারখালী ইউনিয়নের স্বরূপপুর প্রাথমিক
বিদ্যালয়ের শিক্ষক মো. দেলোয়ার
হোসেনের কাছে পাওয়া যাচ্ছে মর্মে
এলাকায় ব্যাপক প্রচার হলে মধুখালী থানার
ওসি সংবাদ পেয়ে প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে
জড়িত শিক্ষক দেলোয়ারকে গ্রেফতার
করে। এ সময় পুলিশ তার হেফাজত থেকে
বিভিন্ন বিষয়ের ১০ সেট প্রশ্নপত্র উদ্ধার
করে। পুলিশ জানায়, জিজ্ঞাসাবাদে ধৃত
ওই শিক্ষক ডুমাইন রামলাল উচ্চ
বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাকির
হোসেনের কাছ থেকে ফাঁস হওয়া প্রশ্নগুলো
সংগ্রহ করেছে মর্মে স্বীকারোক্তিমূলক
জবানবন্দি প্রদান করেছে।